

## MADHYAMIK EXAMINATION 2009

### HISTORY

(Bengali Version)

- ১। প্রদত্ত ভারতবর্ষের মানচিত্রে কতকগুলি ঐতিহাসিক স্থানের প্রত্যেকটির ভৌগোলিক অবস্থান বিন্দু চিহ্ন দ্বারা নির্দেশিত। নিম্নলিখিত ঐতিহাসিক স্থানগুলির প্রত্যেকটির ভৌগোলিক অবস্থান অনুযায়ী যথাযত স্থান নির্ণয় করে মানচিত্রে চিহ্নিত স্থানের সঙ্গে মিলিয়ে বসায় (যে কোনো দশটি) [১০x১=১০]
- (ক) হরপ্পা (খ) পুরুষপুর (গ) কনৌজ (ঘ) চিতোল (ঙ) পাটালিপুত্র (চ) তাম্রলিঙ্গি (ছ) সুরাট (জ) আহম্মদনগর (ঝ) কালিকট (ঞ) পন্ডিচেরি (ট) চন্দননগর (ঠ) নাগপুর (ড) ম্যাঙ্গালোর (ঢ) ত্রিচিনপল্লি।

অথবা

একটি বা দুটি শব্দে উত্তর দাওঃ-

ক বিভাগ

যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাওঃ-

৭x১=৭

- (ক) হর্ষচরিত কার রচনা?  
(খ) শশাঙ্কের রাজধানীর নাম লেখো।  
(গ) লোদি বংশের শেষ সুলতান কে?  
(ঘ) আইন-ই-আকবরি কে রচনা করেন?  
(ঙ) মনসবদারি প্রথা কে প্রচলন করেন?  
(চ) কোন মুঘল সম্রাটের রাজত্বকালে স্যার টমাস রো ভারতবর্ষে আসেন?  
(ছ) বক্সারের যুদ্ধ কত খ্রিস্টাব্দে হয়?  
(জ) 'সলবাই'-এর সন্ধি কত খ্রিস্টাব্দে সাক্ষরিত হয়?  
(ঝ) ১৮৫৭ সালের মহাবিদ্রোহের সময়ে ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন?

'খ' বিভাগ

- (ঞ) 'আয সমাজ' কে প্রতিষ্ঠা করেন?  
(ট) কোন সালে বঙ্গ ভঙ্গ রোদ করা হয়?  
(ঠ) কে ডাক দিয়েছিলেন "চলো দিল্লি"?  
(ড) স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি কে?

- ২। দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাওঃ-

'ক' বিভাগ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ-

৪x২=৮

- (ক) জৈন ধর্মে 'পঞ্চমহাব্রত' কী?  
(খ) বাংলার ইতিহাসে 'মাৎস্যন্যায়' বলতে কী বোঝায়?

- (গ) তরাইনের দ্বিতীয় যুদ্ধের গুরুত্ব কী?  
 (ঘ) 'ফারুকশিয়রের ফরমান' থেকে ইংরেজ ইস্ট ইণ্ডিয়া কোম্পানি কী সুবিধা লাভ করেছিল?  
 (ঙ) 'পলাশি লুণ্ঠন' কী?  
 (চ) 'স্বত্ববিলোপ' নীতি কী?

'খ' বিভাগ

যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাওঃ-

৬x২=১২

- (ছ) 'দেশীয় ভাষা সংবাদপত্র আইন' প্রবর্তন করা হয়েছিল কেন?  
 (জ) ১৯০৭ খ্রিস্টাব্দের জাতীয় কংগ্রেসের সুরাট অধিবেশন গুরুত্বপূর্ণ কেন?  
 (ঝ) অসহযোগ আন্দোলন প্রত্যাহারের কারণ উল্লেখ করো।  
 (ঞ) 'সীমান্ত গান্ধি' কাকে বলা হতো এবং কেন?  
 (ট) ১৯৩৯ সালে বিভিন্ন প্রদেশে কংগ্রেসি মন্ত্রিসভাগুলি ইস্তফা দেয় কেন?  
 (ঠ) সংবিধানে ভারতকে 'গনতান্ত্রিক প্রজাতন্ত্র' বলা হয়েছে কেন?  
 (ড) 'ত্রিশক্তি চুক্তি' কবে এবং কোন কোন ইওরোপিয় রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?  
 (ঢ) কবে এবং কোথায় 'আটলান্টিক সনদ' রচিত হয়?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সাত- আটটি বাক্যে দাওঃ-

৩x৪=১২

'ক' বিভাগ

(ক) বৌদ্ধ ধর্ম প্রচারের জন্য অশোক কী কী ব্যবস্থা গ্রহণ করেছিলেন?

অথবা

সমুদ্রগুপ্তের কৃতিত্ব আলচনা করো।

(খ) প্রাচীন ভারতের সামন্ত প্রথার বৈশিষ্ট্যগুলি উল্লেখকরো

অথবা

প্রাচীন ভারতীয় সমাজে নারীর অবস্থান আলোচনা করো।

(গ) সুলতানি যুগে সুফি আন্দোলনের প্রভাব সংক্ষেপে লেখ।

অথবা

টীকা লেখ:- সুলতানি যুগের স্বাণ্ডরীতি।

'খ' বিভাগ

২x৪=৮

(ঘ) সংগ্রামশীল জাতিয়তাবাদের উদ্ভবের কারণগুলি উল্লেখ করো।

অথবা

বাংলার বিপ্লবী আন্দোলনে অনুশীলন সমিতির অবদান লেখ।

(ঙ) প্রথম বিশ্বযুদ্ধের প্রবর্তীকালে ইতালিতে কীভাবে ফ্যাসিবাদ প্রতিষ্ঠিত হয়?

অথবা

জাতিসঙ্ঘের ব্যর্থতার কারণগুলি সংক্ষেপে বর্ণনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

'ক' বিভাগ

৩x৬=১৮

(ক) হরপ্পা সভ্যতার নগর পরিকল্পনার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। এই সভ্যতার অবক্ষয়ের কারণগুলি কী? ২+৪

অথবা

আয কারা? হরপ্পা ও বৈদিক সভ্যতার মধ্যে যে কোনো চারটি পাথর্য উল্লেখ করো।

২+৪

(খ) দিল্লীর সুলতানি শাসন কবে প্রতিষ্ঠিত হয় এবং কে প্রতিষ্ঠা করেন? ইলতুতমিসকে সুলতানি শাসনের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয় কেন? ১+১+৪

অথবা

মুঘল সাম্রাজ্যের অবক্ষয়ের তিনটি কারণ লেখ। ২+২+২

(গ) চিরস্থায়ী বন্দোবস্ত কে, কোন বৎসর প্রবর্তন করেন? এইব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্য কী ছিল? ১+১+৪

অথবা

কোম্পানির আমলে দেশীয় শিল্পের অবক্ষয়ের কারণগুলি সংক্ষেপে লেখ। বস্ত্র শিল্পের উপর এর ফলাফল উল্লেখ করো। ৪+২

‘খ’ বিভাগ

২x৬=১২

(ঘ) স্যার স্ট্যাফোর্ড ক্রিঙ্গ কি উদ্দেশ্যে ভারতে আসেন? তাঁর প্রস্তাবগুলি কী ছিল? তাঁর ব্যর্থতার কারণ কী? ২+২+২

অথবা

১৯৪৬ খ্রিস্টাব্দে কী কারণে নৌবিদ্রহ ঘটে? এই বিদ্রোহের গুরুত্ব কী?

(ঙ) সম্মিলিত জাতিপুঞ্জ কবে কোথায় গঠিত হয়? জাতিপুঞ্জের লক্ষণগুলি কী?

১+১+৪

অথবা

বান্দুং সম্মেলন কবে অনুষ্ঠিত হয়? এই সম্মেলনের নেতৃত্বদানকারী একটি দেশের নাম লেখ। পঞ্চশীল কী? ১+১+৪

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x১০=১০

(ক) প্রথম বিশ্বযুদ্ধের কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) ভারতের স্বাধীনতা সংগ্রামে সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে আজাদ হিন্দ ফৌজের অবদান আলোচনা করো।

(গ) ভারতীয় সংবিধানের প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(কেবল মাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x১০=১০

(ক) উনিশ শতকে ভারতীয়দের মধ্যে জাতীয় চেতনার উন্মেষের কারণগুলি আলোচনা করো।

(খ) গান্ধিজির নেতৃত্বে অহিংস অসহযোগ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(গ) বাংলায় ১৯৩০ এর দশকে সংগঠিত বিপ্লবী আন্দোলনের একটি সংক্ষিপ্ত পরিচয়  
দাও।

---

[www.bengalstudents.com](http://www.bengalstudents.com)